# বিদেশে উচ্চশিক্ষার ভিসা সহজ করতে বিশেষ কমিটি: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী আহসানুল হক মিলন। ছবি: সংগৃহীত

বিদেশে উচ্চশিক্ষার জন্য যেতে ইচ্ছুক বাংলাদেশি শিক্ষার্থীদের ভিসা প্রক্রিয়া আরও সহজ করতে মন্ত্রিপরিষদের উদ্যোগে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তাঁর দাবি, আগের তুলনায় বর্তমানে শিক্ষার্থীদের ভিসা পাওয়ার ক্ষেত্রে জটিলতা কমেছে।

রোববার (৩০ আগস্ট) পররাষ্ট্রমন্ত্রী ও চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান শিক্ষামন্ত্রী।

তিনি বলেন, দেশের শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি চীন থেকে দক্ষ শিক্ষক আনার পথ সহজ করতেও ভিসা প্রক্রিয়াকে আরও কার্যকর করার উদ্যোগ নেওয়া হয়েছে।

সম্প্রতি চীন সফরের কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী জানান, শিক্ষার্থীদের কারিগরি ও পেশাগত দক্ষতা বাড়াতে দেশটির সঙ্গে নতুন কিছু পরিকল্পনা নিয়ে আলোচনা হয়েছে। এর আওতায় শিক্ষকদের ভাষাগত দক্ষতা উন্নয়নের জন্য চীনের সঙ্গে শিক্ষক বিনিময় কর্মসূচি চালুর উদ্যোগ নেওয়া হচ্ছে।

মন্ত্রী বলেন, আগামী এক থেকে দেড় মাসের মধ্যেই বাংলাদেশ ও চীনের মধ্যে শিক্ষা খাতের এক্সচেঞ্জ প্রোগ্রামের কার্যক্রম দৃশ্যমান হওয়ার সম্ভাবনা রয়েছে। এর মাধ্যমে দুই দেশের শিক্ষার্থী ও শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি শিক্ষা ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার পরিধিও বাড়বে বলে আশা প্রকাশ করেন তিনি।